চেতনানাশক এবং উচ্চ বিএমআই (উচ্চতার সাথে ওজনের সম্পর্ক) সহ গর্ভবতী মহিলা

আপনাকে কি বিষয়গুলো জানতে হবে

কার উচ্চ বিএমআই (উচ্চতার সাথে ওজনের সম্পর্ক) থাকতে পারে? পরবর্তীতে কী হবে?

প্রসবোত্তরকালীন যত্নের লক্ষ্যগুলির মধ্যে একটি হলো গর্ভাবস্থায় এবং জন্মের সময় অতিরিক্ত সাহায্যের প্রয়োজন হতে পারে এমন নারীদের চিহ্নিত করা। আপনার যদি একটি উচ্চ বডি মাস ইনডেক্স (উচ্চতার সাথে ওজনের সম্পর্ক) বা বিএমআই থাকে তবে আপনার উপরের দলের মধ্যে থাকার সম্ভাবনা বেশী। নিবন্ধনের সময় আপনার ধাত্রী আপনার উচ্চতা এবং ওজন ব্যবহার করে বিএমআই গণনা করে ফেলে এবং পরবর্তীতে তা পর্যবেক্ষণে রাখা হয়। যখন এটি বেড়ে যায়, বিশেষ করে যদি এটি 40 এর উপরে থাকে তবে আপনার গর্ভকালীন জটিলতা হবার সম্ভাবনা বেশী থাকে। যদিও অনেকে শিশুজন্ম সম্পূর্ণ জটিলতা ছাড়া হয় এবং কোনও হস্তক্ষেপের প্রয়োজন হয় না।

গর্ভধারণের কোন এক সময় সময় আপনাকে আপনার প্রসববেদনা এবং শিশুজন্মের জন্য ব্যথানাশক এবং চেতনানাশকের উপায়গুলির বিষয়ে আপনার চিন্তাভাবনা সম্পর্কে কথা বলতে একটি অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হতে পারে। প্রসব বেদনার সঙ্গে মোকাবিলা করার সময় এরকম বিষয় ব্যাখ্যা করার চেষ্টা করার চেয়ে সমস্যার পূর্বে আরামদায়ক পরিবেশে এটি করা সহজ। প্রসববেদনার সময় ব্যাথা কম রাখার জন্যে আপনি অন্য যে কোন মায়ের ক্ষেত্রে প্রযোজ্য একই উপায়গুলো পাবেন। কিন্তু এপিডিউরাল (শিরদাঁড়ায় চেতনানাশক) পদ্ধতি বা স্যালাইনের মাধ্যমে চেতনানশক এর মত কিছু দীর্ঘ সময় নেয়া বিকল্প থাকায় আপনার বিএমআই যদি উচ্চ হয় তাহলে এ সম্পর্কে আলোচনা করার জন্য একটি ভাল সময় হচ্ছে আগেই।

এভাবে সনাক্ত করা সম্ভব আপনার জন্যে অতিরিক্ত কোন কিছু প্রয়োজন হতে পারে কিনা গর্ভাবস্থা এবং প্রসবের সময় সহায়তা।

কেন একজন অ্যানেস্থেসিস্ট (চেতনানাশক প্রদানকারী চিকিৎসক) এপিডিউরাল পদ্ধতি নিয়ে আলোচনা করতে চান পূর্বে?

একটি এপিডিউরাল পদ্ধতি শুরু করতে এবং কার্যকরী করা কঠিন হতে পারে এবং অনেকে সময় লাগতে পারে যদি আপনি হঠাৎ করে এটি নিতে সিদ্ধান্ত নেন। তাই এই পদ্ধতির জন্য আগে থেকে পরিকল্পনা করলে আমরা সঠিক পরামর্শ দিতে পারি। এই ভিজিটে আমরা আপনাকে পরীক্ষা করতে পারি, দরকার অনুযায়ী হয়ত আল্ট্রাসাউন্ড ব্যবহার করে।

যদি আপনার রক্ত তরল করার ইনজেকশন আগে গর্ভাবস্থার কারণে দেয়া থাকে তাহলে আমরা আপনার সাথে আলোচনা করতে পারি যে কখন বন্ধ করতে হবে এটি সময়ের আগেই।

অপারেশন থিয়েটারে যেতে হলে কি হবে?

অপারেশন থিয়েটারে আপনার বাচ্চার জন্ম হওয়ার দরকার থাকলে, দ্রুতই আপনি পারবেন যদি ইতিমধ্যেই আপনার এপিডিউরাল থাকে। যাইহোক, যদি আপনার কোন এপিডিউরাল না থাকে, তবে আপনার একটি সাধারণ চেতনানাশক দরকার হবে, যার মানে হল যে শিশুর জন্মের সময় আপনি ঘুমিয়ে থাকবেন।

আমরা আপনার শ্বাসনালির সব রুটিন চেক করব এটা জানার জন্যে যে আমাদের আরো সময় প্রয়োজন হবে কি না বা কি সরঞ্জাম লাগবে আপনাকে একটি নিরাপদ সাধারণ চেতনানাশক ওষুধ দিতে।

অন্যান্য বিবেচ্য বিষয়

পূর্বে আপনার রক্ত পরীক্ষা করার সময় হয়তো কখনো জটিলতা হয়েছিল বা হয়নি। যদি তাই হয় তাহলে এখনই সুযোগ বোঝার জন্য যে শরীরের কোন জায়গা থেকে আপনার রক্ত নিতে হবে অথবা প্রসববেদনার সময় ড্রিপ লাগাতে প্রয়োজন হলে কোথায় লাগানো যায়। কখনও কখনও আমরা এটি করতে একটি আল্ট্রাসাউন্ড মেশিন ব্যবহার করে থাকি।

উচ্চ বিএমআই থাকলে তা আপনার এবং আপনার অনাগত শিশুকে কিভাবে প্রভাবিত করে এ সম্পর্কে আরো সাধারণ তথ্যের জন্য একটি চমৎকার রোগীর তথ্য বিলিপত্র আছে রয়েল কলেজ অফ অবস্টট্রেসিয়ান্স অ্যান্ড গাইনাকলজিস্টস ওয়েবসাইটেঃ www.rcog.org.uk/en/patients/patient-leaflets/why-your-weight-matters-during-pregnancy-and-after-birth

© কপিরাইট ২০১৬ - অবস্টট্রেকি অ্যানেস্থেটিস্টস অ্যাসোসিয়েশন - ২১ পোর্টল্যান্ড প্লেস - লন্ডন - ডাব্লিউ ওয়ান পি ওআই - ইউকে
টেলিফোন: +৪৪ (০) ২০ ৭৬৩১ ৮৮৮৩ ফ্যাক্স: +৪৪ (০) ২০ ৭৬৩১ ৪৩৫২ নিবন্ধিত চ্যারিটি নং ১১১১৩৮২ নিবন্ধন নং ৫৫৪০০১৪ (ইংল্যান্ড)